

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
নগরকান্দা, ফরিদপুর।

আদেশ নং- ৪৭.৬১.২৯৬২.০০০.২৮.০৪৭.১৭.১০৪

তারিখ- ০৭.০৫.২০২৬ খ্রি.

যেহেতু কাজুলী ডাংগা বিল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং- ১৮৯, তারিখ- ০৯.১১.২০২০, ঠিকানা- গ্রাম- বড়কাজুলী, পোঃ বড়কাজুলী, নগরকান্দা, ফরিদপুর এর বিদ্যমান ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ইতোমধ্যেই উত্তীর্ণ হয়ে গিয়েছে এবং সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ এবং ২০১৩) এর ১৮(৩) ধারা মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে নির্বাচনের মাধ্যমে কমিটি পুনঃ গঠনে ব্যর্থ হয়েছে। সেহেতু সমিতির ব্যবস্থাপনা নির্বাহ ও নির্বাচন অনুষ্ঠানের জন্য একই আইনের ১৮(৫) ধারা মোতাবেক নিম্নে বর্ণিত ০৩(তিন) সদস্য বিশিষ্ট অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ প্রদান করা হ'ল। অত্র অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি সমিতির নির্বাহ ও নির্বাচন অনুষ্ঠানের জন্য যাবতীয় কার্য পরিচালনা করবে।

ক্রঃ নং-	অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি সদস্যদের নাম	সদস্য নং-	পদবী
০১	জনাব তাছলিমা বেগম কাজুলী ডাংগা বিল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ	৩৩	সভাপতি
০২	জনাব হাফিজা বেগম কাজুলী ডাংগা বিল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ	২৪	সদস্য
০৩	জনাব সেলিনা বেগম কাজুলী ডাংগা বিল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ	৮৩	সদস্য

নিয়োগকৃত কমিটির মেয়াদ দায়িত্বভার গ্রহণের তারিখ হতে ১২০ দিন পর্যন্ত বলবৎ থাকবে। উল্লিখিত সময়ের মধ্যে একই আইনের ১৮(৬) ধারা মোতাবেক বিশেষ সাধারণ সভার মাধ্যমে নির্বাচন অনুষ্ঠান পূর্বক নব-নির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করতে অনুরোধ করা হ'ল। উল্লেখ্য যে, অত্র সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার নিচে।

স্বা/
(মোহাম্মদ আবুল হোসেন)
উপজেলা সমবায় অফিসার
নগরকান্দা, ফরিদপুর।

স্মারক নং- ৪৭.০৬১.২৯৬২.০০০.২৮.০৪৭.১৭.

তারিখ- ০৭.০৫.২০২৬ খ্রি,

- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল।
- ০১। জনাব লামিয়া বেগম, সভাপতি, বিগত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, কাজুলী ডাংগা বিল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ, তাহাকে অবিলম্বে সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির নিকট সমিতির যাবতীয় দায়িত্বভার প্রদান করার জন্য অনুরোধ করা হ'ল।
 - ০২। জনাব তাছলিমা বেগম, সভাপতি, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, কাজুলী ডাংগা বিল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ, বিগত ব্যবস্থাপনা কমিটির নিকট হতে সমিতির যাবতীয় দায়িত্বভার গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
 - ০৩। জেলা সমবায় অফিসার, ফরিদপুর- মহোদয়ের সদয় অবগতির জন্য অনুলিপি প্রদান করা হল।
 - ০৪। অফিস কপি।

০৭/০৫/২৬
উপজেলা সমবায় অফিসার
নগরকান্দা, ফরিদপুর।